হে আল্লাহর রাসূল, সবচাইতে উত্তম ব্যক্তি কে?

আবূ সা‘ঈদ আল-খুদরী রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু হিসেবে বর্ণিত, জনৈক ব্যক্তি বলল, হে আল্লাহর রাসূল, ‘সব চাইতে উত্তম ব্যক্তি কে?’ তিনি বললেন, “নিজের নফস ও সম্পদ
দ্বারা আল্লাহর পথে জিহাদকারী মুমিন।” সে বলল, ‘তারপর কে?’ তিনি বললেন, “তারপর সে ব্যক্তি যে মানুষ থেকে বিচ্ছিন্ন হয়ে কোনো এক উপত্যকায় অবস্থানরত হয়ে আল্লাহর ইবাদতে মগ্ন রয়েছে।” অপর বর্ণনায় এসেছে: “যে আল্লাহর তাকওয়া অবলম্বন করে এবং নিজের অনিষ্ট থেকে মানুষকে মুক্ত রাখে।” [সহীহ] [মুত্তাফাকুন আলাইহি (বুখারী ও মুসলিম), তবে শব্দ সহীহ মুসলিমের।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জিজ্ঞেস করা হলো কোন লোকটি উত্তম। তিনি স্পষ্ট করেন, সেই ব্যক্তি, যে নিজের জান ও মাল দ্বারা আল্লাহর পথে জিহাদ করে। তারপর প্রশ্ন করা হলো, ‘তারপর কে?’ তিনি বললেন, “ঐ মুমিন ব্যক্তি, যে কোনো পার্বত্য এলাকায় অবস্থান করার পরও সেখানে আল্লাহর ইবাদতে প্রবৃত্ত থাকে ও জনগণকে নিজের মন্দ থেকে মুক্ত রাখে। অর্থাৎ সে আল্লাহর ইবাদতে মগ্ন ও মানুষ থেকে বিরত থাকে, সে চায় না তার কোনো কষ্ট মানুষকে স্পর্শ করুক।

http://sunnah.global/hadeeth/bn/show/5773